

# Special Briefing for envoys of G20 and invitee countries and International Organisations on India's upcoming G20 Presidency

November 26, 2022

## ভারতের আসন্ন জি 20 সভাপতিত্বে জি 20-র দূতদের জন্য এবং আমন্ত্রিত দেশ সমূহ ও আন্তর্জাতিক সংস্থা সমূহের জন্য বিশেষ সংক্ষিপ্ত বিবরণী

নভেম্বর 26, 2022

1 লা ডিসেম্বর 2022-এ জি 20-র সভাপতিত্বের দায়িত্ব নেবার প্রস্তুতি হিসেবে জি- 20 সদস্য দেশগুলির, আমন্ত্রিত অতিথি দেশগুলির এবং আন্তর্জাতিক সংস্থাগুলির মিশনের আবাসিক প্রধানদের জন্য একটি বিশেষ সংক্ষিপ্ত বিবরণী প্রদানের আয়োজন করা হয়েছিল আন্দামান ও নিকবর দ্বীপপুঞ্জের স্বরাজ দ্বীপে, 26 শে নভেম্বর 2022 তারিখে। চল্লিশটিরও বেশী মিশন ও আন্তর্জাতিক সংস্থা ওই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিল। তাদেরকে ভারতের সভাপতিত্বকালে বিভিন্ন জি 20 ক্রিয়াকর্মের বাস্তব, অপারেশনাল এবং লজিস্টিক দিকগুলির উপরে বিস্তারিত বিবরণ প্রদান করেছেন জি 20 শেরপা শ্রী অমিতাভ কান্ত এবং মুখ্য জি 20 সমন্বয়কারী শ্রী হর্ষবর্ধন শৃঙ্গলা।

2. মিশনগুলির প্রধান/প্রতিনিধিদের ভারতের জি 20 সভাপতিত্বে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর দৃষ্টিভঙ্গী সম্পর্কে অবহিত করানো হয়েছে যা প্রতিফলিত হয়েছে “বসুধৈব কুটুম্বকম” বা “এক পৃথিবী এক পরিবার এক ভবিষ্যত” -এর মূলভাবের মধ্যে দিয়ে। জি 20 শেরপা জি 20-র বালি শীর্ষ সম্মেলনে প্রধানমন্ত্রীর বক্তব্যকে স্মরণ করেছেন যেখানে তিনি বলেছেন যে, ভারতের সভাপতিত্ব হবে “অন্তর্ভুক্তি মূলক, উচ্চাকাঙ্ক্ষী এবং কর্মভিত্তিক”। আজকের পৃথিবী যে বহুরকমের চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছে তার প্রেক্ষিতে প্রতিবেদনে ভাগ করে নেওয়া অগ্রাধিকারের ক্ষেত্রগুলিতে আমাদের অগ্রাধিকারগুলির উপরে আলোচনা যেমন (i) পাবলিক ডিজিটাল পণ্য এবং ডিজিটাল পরিকাঠামো; (ii) জলবায়ুর উপরে ক্রিয়া, জলবায়ুতে আর্থিক সহায়তা এবং প্রযুক্তি সহযোগিতা; (iii) পরিষ্কার, স্থিতিশীল, সর্ঠিক, সাশ্রয়ী এবং ব্যাপক শক্তি স্থানান্তর; (iv) স্থিতিশীল উন্নয়ন লক্ষ্যমাত্রার দ্রুত অগ্রগতি; (v) নারী-নেতৃত্বাধীন উন্নয়ন; এবং (vi) বহুপাক্ষিক সংস্কার।

3. প্রধান জি 20 সমন্বয়কারী মিশনদের সারা ভারত জুড়ে জি 20-র বৈঠক এবং

প্রতিনিধিদের অংশগ্রহণের জন্য সুবিধা প্রদানের ব্যাপক আয়োজনের সম্পর্কে অবিহিত করেছেন। তিনি স্মরণ করেছেন যে দিনটি ভারতের সংবিধান দিবস এবং মুম্বাই সন্ত্রাসী হামলার চোদ্দতম উদযাপন এবং একসাথে বৈশ্বিক চ্যালেঞ্জের সামনা সামনি হবার গুরুত্বপূর্ণ দিন হিসেবে চিহ্নিত।

4. জারি থাকা অর্থ সহযোগিতার গতিপথের আলোচনার একটি সামগ্রিক চিত্র এবং আমাদের দৃষ্টিভঙ্গিও অর্থনৈতিক বিষয়ক দপ্তরের প্রতিনিধিরা প্রদান করেছেন।

5. প্রতিবেদনের শেষে, ওএসডি(অপারেশন) শ্রী মুক্তেশ পরদেশী এবং এ এস(জি 20) শ্রী অভয় ঠাকুর পরটিন, ভিসা, প্রোটোকল, নিরাপত্তা এবং আমন্ত্রিতদের অংশগ্রহণের উপরে মিশনদের একগুচ্ছ প্রশ্নের উত্তর প্রদান করেছেন।

6. মুখ্য সচিব শ্রী কেশব চন্দ্র, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের ইতিহাস, সংস্কৃতি, পরিবেশ এবং বিকাশের উপরে বিস্তারিত বিবরণ মিশনের প্রধানদের প্রদান করেছেন।

7. বিবরণ প্রদান করার অতিরিক্ত, প্রতিনিধিরা একটি যোগা অধিবেশনেও অংশগ্রহণ করেছেন যার পরে তট পরিচ্ছন্নতা ক্রিয়াকর্মে অংশগ্রহণ করেছেন যেটি আমাদের গ্রহ-মুখি, স্থিতিশীল জীবনযাত্রা এবং এক পৃথিবী দৃষ্টিভঙ্গির প্রতীক। প্রতিনিধিরা পোর্ট ব্লেয়ারের ঐতিহাসিক সেলুলার জেলও পরিদর্শন করেছেন যেখানে আমাদের স্বাধীনতা সংগ্রামের লড়াইয়ে অংশগ্রহণ করার জন্য অসংখ্য বিস্মৃত বীররা জেলে বন্দী ছিলেন। পরিদর্শনটি স্থানীয় শিল্পীদের দ্বারা পরিবেশন করা সাংস্কৃতিক অনুষ্ঠানের মধ্যে দিয়ে সমাপ্ত হয়েছে।

8. যেহেতু জি 20 র দায়িত্ব আন্দামান সমুদ্র পেরিয়ে আমাদের প্রতিবেশীদেশের থেকে আমাদের কাছে এসেছে, তাই সুন্দর এবং ঐতিহাসিক আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জে কূটনৈতিক বিবরণ প্রদান করাকে সফররত মিশনের প্রধান/প্রতিনিধি দ্বারা উচ্চ প্রশংসিত হয়েছে।

নিউ দিল্লি

নভেম্বর 26, 2022

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.